25

09 JAN 1997

দৈনিক বাংলা

তারিখ 09 JAN 1997
পৃষ্ঠা ৭ কলাম ৩

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তি

# ৯৫২টি আসনে সাড়ে ২৪ হাজার আবেদন জমা পড়েছে

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষের ভর্তি পরীক্ষায় ৯৫২টি আসনের জন্য ২৪ হাজার ৬৫৬টি আবেদন পত্র জমা পড়েছে। গত ১৯ ডিসেম্বর আবেদনপত্র বিতরণ ও জমা নেয়ার সময় শেষ হয়েছে। ২৫ নবেম্বর থেকে আবেদনপত্রের ফরম বিতরণ শুরু হয়। এবার প্রতিটি আসনের জন্যে গড়ে ২৬ জন শিক্ষার্থীর মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হবে।

আগামী ১৮, ১৯, ২০, ২১, ২২ ও ২৩ জানুয়ারী যথাক্রমে 'ক', 'খ', 'গ', 'ঘ', 'ঙ' ও 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

'ক' ইউনিটের ৩টি বিভাগের ১৯৫টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়েছে মোট ১৩৪৬টি। ফলে এই ইউনিটে আসন পিছু ৭ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে।

'খ' ইউনিটের ২টি বিভাগের ১৩০টি আসনের জন্য মোট আবেদনপত্র জমা পড়েছে ৪৮৩৬টি। এই ক্ষেত্রে 'খ' ইউনিটে ১টি আসনের জন্য ৩৭ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে।

'গ' ইউনিটের ২টি বিভাগের ১৩০টি আসনের জন্য মোট ৫৩৩৯টি আবেদনপত্র জমা পড়েছে। এই ইউনিটে আসন পিছু প্রতিযোগীর সংখ্যা হচ্ছে ৪১ জন।

'ঘ' ইউনিটের ৪টি বিভাগে ২৯৫টি আসনের জন্য সর্বমোট আবেদনপত্র জমা পড়েছে ৬৬৫০টি। ফলে এই ইউনিটে আসন পিছু ২৩ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে।

'ঙ' ইউনিটের ১টি বিভাগে ৬৫টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়েছে ৩২৪২টি। 'ঙ' ইউনিটের প্রতিটি আসনের জন্য প্রায় ৫০ জন শিক্ষার্থীর মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হবে।

'চ' ইউনিটের ৩টি বিভাগের ৯০টি আসনের জন্য ৩২৪৩টি আবেদনপত্র জমা পড়েছে। এই ইউনিটের প্রতিটি আসনের জন্য প্রায় ৩৬ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে।

এদিকে "খেলোয়াড়" কোটায় ২০ জন শিক্ষার্থী ও "চাকমা" কোটায় আরও ২৭ জন শিক্ষার্থীকে ভর্তি করা হবে বলে জানা যায়।

উল্লেখ্য, গত বছরের তুলনায় এই শিক্ষাবর্ষে (১৯৯৬-৯৭) প্রায় ৪ হাজার আবেদনপত্র কম জমা পড়েছে। গত বছর আবেদনপত্র জমা পড়েছিল সর্বমোট ২৮ হাজার ৫৬০ কিন্তু এই বছরে জমা পড়েছে ২৪ হাজার ৬৫৬টি। জানা যায়, এইচএসসি পরীক্ষায় এই বছরে পাসের হার খুবই কম ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের অস্থিতিশীল পরিবেশের কারণে গত বছরের চেয়ে ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছুদের আগমন কম হয়।